# যুবলীগ নেতা সম্রাটকে দুর্নীতির অভিযোগে ২০ বছরের কারাদণ্ড



ইসমাইল চৌধুরী সম্রাট। ছবি: সংগৃহীত

ঢাকার বিশেষ জজ আদালত-৬ বুধবার (২৫ ফেব্রুয়ারি) যুবলীগ নেতা ইসমাইল চৌধুরী সম্রাটকে পৃথক দুই ধারায় ২০ বছরের কারাদণ্ড দিয়েছেন। তাকে এই সাজা দেওয়া হয়েছে ২ কোটি ৯৪ লাখ ৮০ হাজার ৮৭ টাকার অবৈধ সম্পদ অর্জনের মামলায়।

মামলাটি ২০১৯ সালের ১২ নভেম্বর দায়ের করেন দুদকের উপপরিচালক জাহাঙ্গীর আলম। তিনি নিজেই মামলাটি তদন্ত করেন এবং যুক্তিতর্ক শেষে গত ৯ ফেব্রুয়ারি আদালত রায়ের পর্যায়ে আসে। ওইদিন দুদকের পাবলিক প্রসিকিউটর নুরে আলম মামলার পক্ষে যুক্তি উপস্থাপন করেন।

সম্রাট পলাতক থাকায় আত্মপক্ষ শুনানি হয়নি। এর আগে অস্ত্র মামলায় তাকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছিল।

LENS ASIA